

কৃষি সমূহ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
সরেজমিন উইং
খামারবাড়ি, ঢাকা-১২১৫
www.dae.gov.bd

স্মারকলিপি

কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের মাঠ পর্যায়ে চলতি "তাগপ্রবাহে ফসল রক্ষায় কৃষকের করণীয়" শীর্ষক লিফলেট এতদসংগে
সংযুক্ত করে প্রেরণ করা হলো। এ লিফলেটটি মুদ্রণ করে আপনার অঞ্চল / জেলার কৃষক ভাইদের মাঝে ব্যাপক ভাবে প্রচার
করার জন্য নির্দেশ প্রদান করা হলো এবং এ বিষয়ে অগ্রগতির প্রতিবেদন নিম্নস্থানকারীর বরাবরে প্রেরণ করার জন্য বলা
হলো।

সংযুক্ত: " তাগপ্রবাহে ফসল রক্ষায় কৃষকের করণীয়" -১ (এক) পাতা।

✓ পরিচালক
সরেজমিন উইং
ফোনঃ ৫৫০২৮৪০৩
১০.২৩০৮/২৪

স্মারকনং- ১২.১০.০০০০.০০৮.১৬.০৫২.১৩(তয় অংশ)/ ৪৬৭

তারিখ: ২৩/০৮/২০২৪খ্রি.

অনুলিপি: জ্ঞাতার্থে ও কার্যার্থে-

- ১। পরিচালক, প্রশাসন ও অর্থ উইং / হর্টিকালচার উইং / প্রশিক্ষণ উইং / উদ্ভিদ সংরক্ষণ উইং / উদ্ভিদ সংগন্ধিরোধ উইং / ক্রপস
উইং / পরিকল্পনা, প্রকল্প বাস্তবায়ন ও আইসিটি উইং, ডিএই, খামারবাড়ি, ঢাকা। (প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধসহ)
- ২। পরিচালক, কৃষি তথ্য সার্ভিস, ডিএই, খামারবাড়ি, ঢাকা। (প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধসহ)
- ৩। অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর..... অঞ্চল (১৪টি)।
- ৪। উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর..... (জেলা সকল)।
- ৫। উপপরিচালক, (আইসিটি ব্যবস্থাপনা), পরিকল্পনা, প্রকল্প বাস্তবায়ন ও আইসিটি উইং, ডিএই, খামারবাড়ি, ঢাকা।
(লিফলেটটি ডিএই এর ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধসহ)
- ৬। অতিরিক্ত উপপরিচালক, নিয়ন্ত্রণ কক্ষ, সরেজমিন উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর খামারবাড়ি, ঢাকা।
(লিফলেট টি ই-মেইল ঘোগে সকল অতিরিক্ত পরিচালক ও উপপরিচালক, ডিএই বরাবরে প্রেরণ নিশ্চিত করতে বলা হলো।)

অনুলিপি সদয় জ্ঞাতার্থে:

- ১। মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।
- ২। সচিব মহোদয়ের একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।
- ৩। অতিরিক্ত সচিব (সম্প্রসারণ) মহোদয়ের একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।
- ৪। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা-১২১৫।
- ৫। অফিস কপি।

তাপপ্রবাহে ফসল রক্ষায় কৃষকের করণীয়

ক্রমবর্ধমান তাপমাত্রা এবং আবহাওয়ার ধরনে পরিবর্তন প্রায়ই খরা, তাপপ্রবাহ এবং বন্যার কারণে সৃষ্টি পানির সংকটের ফলে ফসলের উৎপাদন কমিয়ে দেয়। জনবায়ু পরিবর্তনের এই প্রভাবগুলো বর্তমানে প্রায় একইসাথে বিভিন্ন অঞ্চলে ফসল নষ্ট হওয়ার ঝুঁকি বাড়িয়ে দিতে পারে, যা বৈশিক খাদ্য সরবরাহের জন্য উল্লেখযোগ্য বিপর্যয় বয়ে আনবে।

বর্তমানে সারাদেশের উপর দিয়ে বয়ে যাচ্ছে মাঝারি থেকে তীব্র তাপপ্রবাহ। তীব্র রোদ আর গরমে অসহনীয় অবস্থা। মানুষের পাশাপাশি ক্ষতির সম্মুখীন হচ্ছে ধান, পাট, কলাসহ নানান ধরণের ফসলও। এ অবস্থায় ফসলের ক্ষতি রোধে কৃষকের করণীয় বিষয়গুলো সম্পর্কে তাদেরকে সচেতন করা প্রয়োজন। বিশেষ করে বর্তমানে মাঠে দন্তায়মান ধান, পাট, ভূট্টাসহ বিভিন্ন মৌসুমী ফসলের বিশেষ পরিচর্যা গ্রহণ করা আবশ্যিক।

বর্তমানে বোরো ধান মাঠে রয়েছে। প্রতিটি মাঠেই দেখা যাবে ধানে ফুল রয়েছে। কিছু কিছু দুঁফ আর কিছু কিছু ক্ষীর অবস্থায় আছে। বর্তমানে পোকামাকড় ও রোগবালাই তেমন না থাকলেও তাপমাত্রা দিন দিন বাঢ়ছে। ফলে সমস্যা দেখা দিতে পারে। কৃষক ভাইদের ধানের কিছু সমস্যা হচ্ছে। এতে ধানের তেমন কোনো ক্ষতি হয় না। তবে তাপমাত্রা যদি ৩৫ ডিগ্রি সেলসিয়াসের ওপরে চলে যায় সে ক্ষেত্রে ধান চিটা হয়ে যেতে পারে।

ধান বর্তমানে যে স্তরে আছে, সে ক্ষেত্রে কৃষক ভাইদের করণীয় হলো, ধানে ফুল অবস্থায় পানি খুব গুরুত্বপূর্ণ। তা ছাড়া তাপমাত্রার অধিক্য, এ কারণে ধানগাছের গোড়ায় সর্বদা ২ থেকে ৩ ইঞ্চি পানি ধরে রাখতে হবে। ১০ লিটার পানিতে ১০০ গ্রাম পটাশ মিশিয়ে ৫ শতক জমিতে স্প্রে করা যেতে পারে। তাহলে আশা করা যায় যে, তাপপ্রবাহে ধানের ফলনে তেমন কোনো প্রভাব পড়বে না।

বর্তমান আবহাওয়ায় ধান গাছের বৃদ্ধি পর্যায়ে শীষ ব্লাস্ট রোগের আক্রমণ হতে পারে। রোগের লক্ষণ প্রকাশ পাওয়ার আগেই প্রিভেন্টিভ হিসাবে বিকাল বেলা টুপার ৮ গ্রাম/১০ লিটার পানি অথবা নেটিভো ৬ গ্রাম/১০ লিটার পানি ৫ শাতাংশ জমিতে ৫ দিন ব্যবধানে দুইবার স্প্রে করুন।

মাঠে বর্তমানে ভূট্টা ফসল রয়েছে। যেসব ক্ষেত্রে মোচা গঠন পর্যায়ে রয়েছে যেসব ক্ষেত্রে ১-২ টা সেচ দেয়া যেতে পারে।

পাট বর্তমানে মাঠে দৈহিক বৃদ্ধি পর্যায়ে রয়েছে। যেসব ক্ষেত্রের পাট খুব নাজুক অবস্থায় অর্থাৎ সেক্ষেত্রে মাটির আর্দ্রতা খুবই কমে গেছে সেসব ক্ষেত্রে ১টা হালকা সেচের ব্যবস্থা করা যেতে পারে।

শাক-সবজির ক্ষেত্রে সপ্তাহে ২-৩ বার মাটির ধরণ ও মাটির রসের অবস্থা বুঝে সেচের ব্যবস্থা করতে হবে। ফল ও সবজির চারাকে তাপপ্রবাহের ক্ষতি থেকে রক্ষার জন্য মালচিং ও সেচ নিশ্চিত করুন।

বাড়ন্ত কলা ক্ষেত্রে ১টা সেচ দেয়া যেতে পারে।

আম ও লিচু ফল গুটি পর্যায়ে রয়েছে। কাঁঠালের মুচি ও ফলে পরিগত হতে শুরু করেছে। এসময়ে এসব ফল গাছে সক্ষ্যার পর বা রাতে আবহাওয়া যখন কিছুটা ঠাণ্ডা বোধ হবে তখন গোড়ার চারদিকে রিং করে সেচ অথবা ফুট পাম্প দিয়ে গাছের পাতায় পানি স্প্রে করা যেতে পারে। গরমে দিনের বেলায় পানি সেচ দিলে ফল বারে যাওয়ার সম্ভাবনা বেড়ে যেতে পারে।

স্বাস্থ্য,

৪.